

অনলাইন পরীক্ষা-২ / শ্রেণী- ৫ম / বিষয়- বাংলা / পূর্ণমানঃ ৫০ / সময়ঃ ১ ঘণ্টা ১৫ মিঃ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১ ও ২ নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর দাওঃ (পাঠ্য বই বহির্ভূত)

একটি দেশের শিল্প-সংস্কৃতি, ইতিহাস-এতিহ্যের যাবতীয় নির্দেশন জাদুঘরেই সংরক্ষিত থাকে। সোনারগাঁওয়ের জাদুঘরে চুক্তে চুক্তে সবুজের শিল্প স্পর্শে সোহানার মনটা ভরে গেল। কী চমৎকার একটা লেক, শান্ত পুরুর আর গাছগাছালিতে ভরা চারপাশ। প্রথমেই সবাই চুক্তে পড়লো লোক-শিল্প জাদুঘরে। জাদুঘরটা সাধারণ জাদুঘর নয়, লোক-শিল্পের জাদুঘর। সোনারগাঁও লোক-শিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা শিল্পী জয়নুল আবেদীন। তিনি ছিলেন অনেক বড় শিল্পী। তাঁর সংগ্রহ শালায় গিয়ে সবাই মুক্ত হয়ে গেল। আমাদের গ্রামীণ মানুষের তৈরি জিনিষ পত্রকে বলা হয় লোক শিল্প। হাসান স্যারই কথাটা বুঝিয়ে দিলেন। যে বাড়িতে জাদুঘরটা করা হয়েছে তার আদি নাম বড় সর্দারবাড়ি। দারুণ কারুকাজ এর প্রবেশ পথ। কত জিনিষ যে আছে দেখবার শিখবার। কাঠের তৈরি জিনিস, মুখোশ, মৃৎপাত্র, মাটির পুতুল, বাঁশ, লোহা-কাসাঁৰ তৈরি নানা জিনিস, অলংকার ইত্যাদি দেখে সবাই বিস্মিত। কী সুন্দর জামদানি শাড়ি আৰ কী ব্যবহার ওই নকশি কাঁথার। এক সময় বাংলাদেশের গ্রামে গ্রামে নকশিকাঁথা তৈরির রেওয়াজ ছিল। নকশিকাঁথা সেলাইয়ের অনুপ্রোগ মেয়েরা আপন পরিবেশ থেকে পেত। শুধু কতগুলো সূক্ষ্ম সেলাই আৰ রং বেরঙের নকশার জন্যই নকশিকাঁথা বলা হয় না বৰং কাঁথার প্রতিটি সূচৰে ফেঁড়ের মধ্যে লুকিয়ে আছে এক একটি পরিবারের কাহিনী, তাদের পরিবেশ ও জীবনগাথা।

১) নিচের কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপর্যুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শুন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখঃ

১X৫= ৫

শব্দ	শব্দার্থ
গ্রামীণ	গ্রামজাত / গ্রাম্য
বিস্মিত	অবাক, চমৎকার
বিচিত্র	বিভিন্ন বর্ণযুক্ত, নকশাদার
মৃৎপাত্র	মাটির তৈরি জিনিস পত্র
মুখোশ	মুখাবরণ, নকল মুখ
বাহার	শোভা, সৌন্দর্য

ক. বৈশাখী মেলায় কারুকাজ করা জিনিস পাওয়া যায়।

খ. নকশিকাঁথার সে কী !

গ. আমরা পরে বৈশাখী মেলায় ঘুরেছিলাম।

ঘ. টেপা পুতুল এক ধরনের মাটির শিল্প।

ঙ. সোনারগাঁয়ের লোকশিল্প জাদুঘর দর্শনে সবাইকে হতে হবে।

২. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখোঃ

৫X৩= ১৫

ক. জাদুঘরে কী সংরক্ষিত থাকে? সোনারগাঁওয়ের লোক-শিল্প জাদুঘর সম্পর্কে বর্ণনা দাও।

খ. বাংলাদেশের লোক-শিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা কে? তাঁর সম্পর্কে ৪টি বাক্য লেখো।

গ. লোক-শিল্প অন্যতম উপাদান নকশিকাঁথা সম্পর্কে যা জানো লিখো।

৩। নিচের কবিতাংশটুকু পড়ে ক, খ, গ ক্রমিক প্রশ্নগুলোর উত্তর লিখঃ

২+৫+৩= ১০

শহরের পাতিকাকে ঢাকে ঝাকে ঝাকে

ঘুম দেয়া মুশকিল হন্তের হাঁকে ।

সিডি চলে, টিভি চলে, বাজে টেলিফোন

দরজায় বেল বাজে কান পেতে শোন ।

গলিপথে ফেরিওয়ালা হাঁকে আর হাঁটে

ছোটদের হইচই ইশকুল মাঠে ।

পল্লীর সেই সুর ভরে যায় মন

শহরে জীবন জ্বালা-শব্দদূষণ ।

ক) শহরে ঘুম দেওয়া মুশকিল কেন?

২

খ) কবিতাংশের মূলভাব লেখ।

৫

গ) ‘পল্লীর সেই সুর ভরে যায় মন’- লাইনটি বুঝিয়ে লেখ।

৩

৪) নিচের যে কোনো পাঁচটি যুক্তবর্ণ ভেঙ্গে দেখাও, প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরী শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা করো। $2 \times 5 = 10$

স্ত, স্প, ষ্ঠ, ঞ্ঞ, ঝ, স্ম, স্প্র

৫) নিচের অনুচ্ছেদটিতে বিরামচিহ্ন বসিয়ে উত্তরপত্রে লেখঃ

৫

১৯৭১ সালের পাঁচিশে মার্চ পাকিস্তানি সেনারা গভীর রাতে বাঁপিয়ে পড়ে বেকার নিরস্ত্র ঘুমন্ত মানুষের উপর আক্রমণ চালায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসে ব্যারাকে আর নানা আবাসিক এলাকায়

৬) নিচের অনুচ্ছেদটি পড়ে কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন, শব্দগুলোর যে কোনো পাঁচটি একবার ব্যবহার করে পাঁচটি প্রশ্নবোধক বাক্য তৈরি করো।

$1 \times 5 = 5$

সময়টা ১৯৭১ সালের ৫ই সেপ্টেম্বর। যশোরের পাকিস্তানি ছুটিপুর ক্যাম্প। একটু দূরে গোয়ালহাটি থামে টহল দিচ্ছিলেন পাঁচ মুক্তিযোদ্ধা। এদের পেছনে ছিলেন ল্যান্ডনায়েক নূর মুহাম্মদ শেখ। পাকিস্তানী সেনারা টের পেয়ে যায় মুক্তিযোদ্ধাদের অবস্থান। রাজাকারদের সহায়তায় তিনি দিক থেকে পাকিস্তানি সেনারা তাদেরকে ধিরে ফেলে। কিন্তু মুক্তিযোদ্ধারা দমবার পার্য নয়।